বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২১০।
Web Site: www.bteb.gov.bd

## জুনিয়র সেকেন্ডারি (ভোকেশনাল) ও জুনিয়র দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের ষষ্ঠ-অষ্টম শ্রেণির ভর্তি নির্দেশিকা-২০২৬

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অধিভুক্ত জেএস (ভোকেশনাল) ও জেডি (ভোকেশনাল) শিক্ষাক্রমে ২০২৬ শিক্ষাবর্ষে (৬ষ্ঠ-৮ম) শ্রেণিতে সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী ভর্তির জন্য এই নির্দেশিকা প্রযোজ্য হবে।

**১. ভূমিকা:**

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ সম্প্রসারণ এবং তৃণমূল পর্যায়ে কারিগরি শিক্ষার সুযোগ সৃষ্টির লক্ষ্যে সরকার নিম্ন মাধ্যমিক পর্যায়ে (ভোকেশনাল শিক্ষাক্রম) ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণিতে ভর্তি কার্যক্রম চালুর সিদ্ধান্ত গ্রহণ করে। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে সাধারণ শিক্ষার পাশাপাশি একটি কারিগরি বিষয় অন্তর্ভুক্ত করে "জেএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম ২০১৮" প্রবর্তন করা হয়। প্রাথমিকভাবে এ শিক্ষাক্রমটি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধিভুক্ত টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে চালু করা হয়, যা ২০২১ শিক্ষাবর্ষ থেকে কার্যকর হয়।

পরবর্তীতে, সময়োপযোগিতা বিবেচনায় এবং মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ সম্প্রসারণের ধারাবাহিকতায় ২০২৪ সালে উক্ত শিক্ষাক্রমের নাম পরিবর্তন করে "প্রি-ভোকেশনাল শিক্ষাক্রম ২০২৪" নামে পুনঃপ্রবর্তন করা হয়। পাশাপাশি, এ শিক্ষাক্রমটি সরকারি ও বেসরকারি উভয় প্রতিষ্ঠানে চালুর সিদ্ধান্ত গৃহীত হয়, যার মাধ্যমে তৃণমূল পর্যায়ে কারিগরি শিক্ষার সম্প্রসারণের পথ আরও সুদৃঢ় হয়।

অবশেষে, কারিগরি শিক্ষা সেক্টরের ক্রমবর্ধমান চাহিদা ও যুগোপযোগিতা বিবেচনায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেক্ষিতে ২০২৫ সালে উক্ত শিক্ষাক্রমের নাম পরিবর্তন করে যথাক্রমে "জেএস (ভোকেশনাল)" ও "জেডি (ভোকেশনাল)" শিক্ষাক্রম হিসেবে পুনঃনামকরণ করা হয়।

**২. ভর্তির নিয়মাবলী:**

৬ষ্ঠ শ্রেণির জন্য:

২.১ কোনো অনুমোদিত বিদ্যালয়/মাদ্রাসা হতে প্রাথমিক শিক্ষা সমাপনী/ইবতেদায়ী শিক্ষা সমাপনী/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী জেএস (ভোকেশনাল) ও জেডি (ভোকেশনাল) শিক্ষাক্রমের ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তি হওয়ার জন্য যোগ্য হবে;

২.২ ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ৩১-১২-২০২৫ খ্রি. তারিখে ১০-১৩ বছর। তবে ২য় শিফট ও বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা শিথিলযোগ্য;

৭ম ও ৮ম শ্রেণির জন্য:

২.৩ কোনো অনুমোদিত বিদ্যালয়/মাদ্রাসা হতে প্রাথমিক শিক্ষা সমাপনী/ইবতেদায়ী শিক্ষা সমাপনী/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ সাধারণ ও মাদ্রাসা শিক্ষা ধারার ৬ষ্ঠ ও ৭ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীরা জেএস (ভোকেশনাল) ও জেডি (ভোকেশনাল) শিক্ষাক্রমের শূন্য আসনে যথাক্রমে ৭ম ও ৮ম শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে। এধরণের শিক্ষার্থী ৭ম ও ৮ম শ্রেণিতে ভর্তির সুযোগ পেলে কর্মমুখী প্রকৌশল শিক্ষা পাঠ্যসূচির শিখন ঘাটতি মেকআপ ক্লাসের মাধ্যমে সম্পাদন করবে।

**৩. শিক্ষাবর্ষ:** ০১ জানুয়ারি ২০২৬ থেকে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত।

**৪. ভর্তি কমিটি:**

৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠান প্রধানকে সভাপতি করে বিভাগীয় প্রধান/সিনিয়র শিক্ষকবৃন্দের সমন্বয়ে ০৭ (সাত) সদস্যের একটি ভর্তি কমিটি গঠন করতে হবে।

**৫. ভর্তির আবেদন পদ্ধতি:**

৫.১ ভর্তির আবেদন ফরম সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অফিসে পাওয়া যাবে। এছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা অধিদপ্তর/সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে;

৫.২ ভর্তির আবেদন ফরম বিতরণ ও জমার জন্য বিজ্ঞপ্তিতে সুস্পষ্ট তারিখ ও সময় উল্লেখ থাকতে হবে। তবে আবেদন ফরম বিতরণের জন্য ন্যূনতম ১৪ (চৌদ্দ) কার্যদিবস সময় দিতে হবে;

৫.৩ আবেদন ফরমে নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি আঁঠা দিয়ে সংযুক্ত করতে হবে;

৫.৪ আবেদন ফরম জমা দেয়ার সময় ফরমের নিচের অংশ ক্রমিক নম্বর দিয়ে শিক্ষার্থীকে দিতে হবে, উক্ত ক্রমিক নম্বর সম্বলিত কপি লটারির কপি হিসেবে বিবেচিত হবে এবং উপরের অংশ কমপক্ষে তিন বছর সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

